গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
www.dgc.edu.bd
☏:0531-63360, 🖷:0531-61953
E-Mail: principal@dgc.edu.bd

স্মারক নং-দিসক/দিনাজ/১ম বর্ষ অনার্স ভর্তি ২০১৯-২০২০/২০১৯/.......

তারিখ: ১৪ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ
২৯ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তির বিজ্ঞপ্তি

কলেজ কোড-৩৪০১			
বিষয়	কোড	বিষয়	কোড
বাংলা	১০০১	হিসাববিজ্ঞান	২৫০১
ইংরেজি	১১০১	ব্যবস্থাপনা	২৬০১
দর্শন	১৭০১	পদার্থবিজ্ঞান	২৭০১
ইতিহাস	১৫০১	রসায়ন	২৮০১
ইস. ইতিহাস ও সংস্কৃতি	১৬০১	গণিত	৩৭০১
অর্থনীতি	২২০১	উদ্ভিদবিদ্যা	৩০০১
সমাজবিজ্ঞান	২০০১	প্রাণিবিদ্যা	৩১০১
রাষ্ট্রবিজ্ঞান	১৯০১	-	-

ভর্তি যোগ্যতা						
ক্র.	SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম যোগ্যতা			HSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম যোগ্যতা		
	পরীক্ষার নাম	পাসের সন	ন্যূনতম GPA	পরীক্ষার নাম	পাসের সন	ন্যূনতম GPA (৪র্থ বিষয়সহ)
ক.	SSC ও সমমান (মানবিক শাখা)	২০১৬/১৭	2.5	HSC ও সমমান (মানবিক শাখা)	২০১৮/১৯	2.5
খ.	SSC ও সমমান (বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা)	২০১৬/১৭	3.0	HSC ও সমমান (বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা)	২০১৮/১৯	2.5
-	-	-	-	বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে HSC (ভোকেশনাল), HSC (বিজনেস ম্যানেজমেন্ট) ও ডিপ্লোমা-ইন-কমার্স		

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের জানানো যাচ্ছে যে, তাদের প্রাথমিক আবেদন ও ভর্তি সংক্রান্ত কার্যক্রম নিম্নোক্তভাবে সম্পন্ন করা হবে:

(১) ভর্তির আবেদনের নিয়মাবলি:

(ক) ভর্তিচ্ছুক প্রার্থীরা যে শাখা থেকে উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় পাস করেছে তাদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) থেকে আগামী ০১/০৯/২০১৯ হতে ১৫/০৯/২০১৯ তারিখের মধ্যে অনলাইনে আবেদন ফরমপূরণ করতে হবে।

(খ) প্রার্থী দিনাজপুর সরকারি কলেজের নাম সিলেক্ট করলে অত্র কলেজের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তিযোগ্য বিষয়সমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সতর্কতার সাথে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে।

(গ) ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে ১২০×১৫০ pixels, Image Type:jpg এবং maximum file size: 50Kb. আবেদনের ছবিটি সংরক্ষণ করতে হবে এবং কলেজের online admission system এ একই ছবি ব্যবহার করতে হবে।

চলমান পাতা-০২

(ঘ) ডাউনলোডকৃত প্রাথমিক আবেদন ফরমটি A4 পেপার (৮.৫"×১১" ইঞ্চি) সাইজ হতে হবে এবং এটি সাদা অফসেট পেপার দ্বারা প্রিন্টেড হতে হবে। নির্ধারিত কাগজের মাপ ব্যতীত অন্য মাপের ফরম গ্রহণ করা হবে না। **ডাউনলোডকৃত আবেদন ফরম অত্যন্ত সতর্কতার সাথে পূরণ করতে হবে। কলেক কর্তৃক নিশ্চয়নের পর ফরমের ত্রুটি সংশোধন করা যাবে না। ত্রুটিপূর্ণ ও ভুল ছবিযুক্ত ফরম বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।**

(ঙ) একই অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন প্রার্থী স্নাতক (সম্মান) ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে **দ্বৈত ভর্তি** হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি **বাতিলপূর্বক** ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে।

(চ) **কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত সনদপত্রের মূল ও সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।**

২। আবেদন ফি:

(ক) প্রাথমিক আবেদনের নির্ধারিত ফি ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা জমাদানের রসিদ **কলেজের ক্যাশ শাখা** হতে সংগ্রহপূর্বক সাউথইস্ট ব্যাংক লিঃ, কলেজ বুথ, বিজ্ঞান ভবন এ জমা দিতে হবে।

৩। আবেদন ফরম জমা:

(ক) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আবেদনকারীকে স্বাক্ষর করতে হবে, **নিজের ব্যবহৃত মোবাইল নম্বর দিতে হবে এবং কলেজের online admission system এ একই মোবাইল নম্বর ব্যবহার করতে হবে।**

(খ) প্রাথমিক আবেদন ফরম জমাদানের সময় এস.এস.সি ও এইচ.এস.সি'র ট্রান্সক্রিপ্ট, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি সংযুক্ত করতে হবে।

(গ) ভর্তি ফি জমাদানের রসিদ ও প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন ফরম **কলেজ অডিটোরিয়াম** কাউন্টারে প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বিকাল ২:০০ টা পর্যন্ত, নির্ধারিত তারিখের মধ্যে (ছুটির দিন ব্যতীত) ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে।

৪। আবেদন ফরম জমার শেষ তারিখ: ১৬/০৯/২০১৯ তারিখ ০২:০০ টার মধ্যে।

৫। ফলাফল প্রকাশ:

(ক) ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের কোনো ভর্তি পরীক্ষা দিতে হবে না।

(খ) প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা তৈরি করে প্রার্থীদের পছন্দক্রমের উর্ধ্বক্রম অনুযায়ী ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির বিষয় বরাদ্দ দেয়া হবে।

(গ) শিক্ষার্থীরা ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইট www.nu.ac.bd/admissions অথবা SMS (nu<space>athn<space>roll no) টাইপ করে 16222 নম্বরে send করে ফলাফল জানতে পারবে।

(ঘ) ভর্তির ফলাফল পর্যায়ক্রমে প্রথম মেধা তালিকা, শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা, বিশেষ কোটা এবং রিলিজ স্লিপের (প্রয়োজনে একাধিক বার) মাধ্যমে প্রকাশ করা হবে। এরপর ভর্তির জন্য সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ করতে হবে।

(ঙ) যে সকল প্রার্থী মেধা তালিকায় স্থান পাবে না, ভর্তি বাতিল করবে অথবা মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হবে না সে সকল প্রার্থী পাঁচটি কলেজে আলাদাভাবে বিষয় পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে।

৬। ক্লাস শুরু : ০১ অক্টোবর ২০১৯ খ্রিষ্টাব্দ।

ভর্তি সংক্রান্ত কলেজের তথ্য www.dgc.edu.bd কলেজ ওয়েব সাইটে পাওয়া যাবে।

বি:দ্র: প্রাথমিক আবেদন ও ভর্তি সংক্রান্ত যাবতীয় বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রকাশিত ভর্তি নির্দেশিকা অনুসরণ করা হবে। এই ভর্তি কার্যক্রমের যে কোনো ধারা/নিয়মাবলির সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

প্রতি স্বাক্ষর

২৯/৮/২০১৯

অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ
দিনাজপুর

২৯/৮/২০১৯
(মো: শাহেদ আলী মন্ডল)
সহযোগী অধ্যাপক, গণিত বিভাগ
ও
আহ্বায়ক
১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি ২০১৯-২০২০
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

অনুলিপি:

১. উপাধ্যক্ষ, অত্র কলেজ;
২. আহবায়ক, ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি ২০১৯-২০২০, অত্র কলেজ;
৩. হিসাব শাখা ও ক্যাশ শাখা, অত্র কলেজ;
৪. অফিস নথি।